ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৪৫০

শান্তিরবাজার, ০৩ অক্টোবর, ২০২৪

**শান্তিরবাজারে গান্ধী জন্মজয়ন্তী উদযাপন**

জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় গতকাল শান্তিরবাজার ইউনিটি পার্কে উদযাপন করা হয়। গান্ধী মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক কমিটির সভাপতি নেপাল চন্দ্র দাস, মহকুমা শাসক মনোজ কুমার সাহা প্রমুখ। অতিথিগণ গান্ধীজীর কর্ম জীবনের নানা দিক তুলে ধরে বক্তব্য রাখেন। গান্ধী জন্মজয়ন্তী উপলক্ষে স্বচ্ছতাহি সেবা কর্মসূচীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*****